

বিজ্ঞান  
৮



## থাই বিশ্ববিদ্যালয় জিতে ত্রিলো ইমাজিন কাপ ২০০৭

অশিক্ষিত জনগোষ্ঠীদের পড়ার সফটওয়্যার তৈরি করে থাইল্যান্ডের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দল জিতে নিম্নো মাইক্রোসফট ২০০৭ ইমাজিন কাপের চ্যাম্পিয়ন ট্রফি। গত শুক্রবার কোরিয়ার সিওলে ওয়ার্ল্ড ফাইনালে তারা চ্যাম্পিয়ন হয়। বিশ্বব্যাপ্তির মানুষের জীবন উন্নয়নে কম্পিউটার প্রযুক্তির ব্যবহার নিয়ে সারাবিশ্বের বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের মধ্যে পঞ্চমস্তরের মতো আয়োজিত হয় এই ইমাজিন কাপ কম্পিটিশন ২০০৭। এ বছর কাপের বিম ছিল এডুকেশন। মাইক্রোসফট ঘোষণা করে, পরিবেশ বন্ধা ফোকাস করে আগামী বছর ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত হবে ইমাজিন কাপ ২০০৮। মাইক্রোসফটের প্রধান ট্যাটেঞ্জি অফিসার জেপ মুন্ডি এ বিষয়ে বলেন, ইমাজিন কাপের মাধ্যমে আমাদের এই পৃথিবীর সবচেয়ে বড় সমস্যাগুলোকে ফোকাস করে কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে এগুলো কিতাবে সমাধান করা যায় তার জন্য সারাবিশ্বের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য এই প্রতিযোগিতা। প্রথম স্থান অধিকারী থাইল্যান্ডের ৩৩তম দল পুরস্কার হিসেবে জিতেছে ২৫,০০০ মার্কিন ডলার, যে সফটওয়্যারটি তারা তৈরি করেছে তা

দিয়ে হাতের লেখা এবং কম্পিউটারে লেখা অক্ষর অনুবাদ করতে পারবে এবং সেটি অনুবাদ করে পড়ে শোনাবে। এর ফলে নিরক্ষররাও বুঝতে পারবে। বিজয়ী দলের একজন বলেছেন, আমরা একটি সফটওয়্যার প্রতিষ্ঠান করতে চাই গ্র্যান্ডপ্রেশন করার পর। এর পূর্বে সফটওয়্যার তৈরি করব। রানার্সআপ হয়েছে দক্ষিণ কোরিয়ার বিশ্ববিদ্যালয় দল। ৫৯টি দেশের ১১২টি টিমের মোট ৩৪৪ প্রতিযোগী ইমাজিন কাপে সফটওয়্যার, ওয়েব ডেভেলপমেন্ট,

শর্ট গ্রিম মোট নয়টি ক্যাটাগরীতে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তৃতা করতে গিয়ে ইউনেস্কোর সহকারী পরিচালক আব্দুল ওয়াহিদ বান বলেন, আমরা উন্নয়নশীল দেশের তথা ও যোগাযোগ প্রযুক্তিতে তরুণ মেধাবীদের সম্মাননা দিচ্ছি যা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে তার মেধা বিকাশে। জটিল উদ্ভাবনীদের নিয়ে ইমাজিন কাপের এই আয়োজন সত্যিই প্রশংসার দাবী রাখে।

■ যত্ন মোর্শেদ

